

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৮০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ১৩. তৃতীয় অনুচ্ছেদ - বাগান ও জমিনের বর্গা (পরস্পর সেচকার্য করা ও ভাগে কৃষিকাজ, বর্গাচাষ করা)

### আরবী

عَنْ قَيْسِ بْنِ مُسْلِمٍ عَنْ أَبِي جَعْفَرٍ قَالَ: مَا بِالْمَدِينَةِ أَهْلُ بَيْتِ هِجْرَةٍ إِلَّا يَزْرَعُونَ عَلَى التُّلُثِ وَالرَّبُعِ وَزَارَعَ عَلِيُّ وَسَعْدُ بْنُ مَالِكِ وَعَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ وَعُمَرُ ابْن عبد الْعَزيز وَالْقَاسِم وَعُرْوَة وَآل أَبِي بَكْرٍ وَآلُ عُمَرَ وَآلُ عَلِيٍّ وَابْنُ سِيرِينَ وَقَالَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ الْأَسْوَدِ: كُنْتُ أُشَارِكُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ يَزِيدَ فِي الزَّرْعِ وَعَامَلَ عُمَرُ النَّاسَ عَلَى: إِنْ جَاءَ عُمَرُ بِالْبَذْرِ مِن عِنْده فَلهُ الشَّطْر. وَإِن جاؤوا بالبذر فَلهم كَذَا. رَوَاهُ البُخَارِي

#### বাংলা

২৯৮০-[৯] কায়স ইবনু মুসলিম (রহঃ) ইমাম আবূ জা'ফার হতে বর্ণনা করেন। তিনি বলেন, মদীনায় এমন কোনো মুহাজির পরিবার ছিল না যাঁরা জমিনে উৎপাদিত ফসলের এক-তৃতীয়াংশ বা এক-চতুর্থাংশের বিনিময়ে বর্গার লেনদেন করেনেনি। এমনিভাবে বর্গার লেনদেন করেছেন 'আলী, সা'দ ইবনু মালিক, 'আবুল্লাহ ইবনু মাস্'উদ, 'উমার ইবনু 'আবুল আযীয়, কাসিম ইবনু মুহাম্মাদ, 'উরওয়াহ্ ইবনুয্ যুবায়র এবং আবূ বকর-এর পরিবার, 'উমার-এর পরিবার, 'আলী-এর পরিবার ও ইবনু সীরীন। 'আবুর রহমান ইবনু আস্ওয়াদ বলেন, আমি বর্গাচাষে 'আবুর রহমান ইবনু ইয়াযীদ এর অংশীদার ছিলাম। 'উমার (রাঃ) লোকেদের সাথে বর্গার লেনদেন করেছেন এরূপে- যদি 'উমার নিজ হতে বীজ দিতেন, তবে তিনি অর্ধেক অংশ পেতেন। আর যদি তারা (কৃষকেরা) বীজ দেয়, তারা এমন এমন অংশ পাবে। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩২২৮।

#### ব্যাখ্যা

व्याখ्या : ইমাম तूখाती ठाँत জाभि' আস্ সহীহাহ্-তে (بَابٌ الْمُزَارَعَةِ بِالشَّطْرِ وَنَحْوِه) এ অধ্যায়ের অধীনে অত্র



হাদীসটি নিয়ে এসেছেন, হাদীসটির অর্থ হলো তারা এক-তৃতীয়াংশের বিনিময়ে এবং এক-চতুর্থাংশের বিনিময়ে শস্য ক্ষেত্র চাষ করতেন। এ আসারটিকে 'আব্দুর রাযযাক মাওসূল সূত্রে তথা সানাদ পরম্পরাভাবে বর্ণনা করেছেন। ইবনুত্ তীন বর্ণনা করেন, কাবিসী একে অস্বীকার করেছেন। (ফাতহুল বারী ৫ম খন্ড, অধ্যায়- ৮ : অর্ধেক বা অনুরূপ কিছুর বিনিময়ে বর্গাচাষ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কায়স ইবন মুসলিম (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন